বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক সংবাদ

তারিখ 13.NOV 1988
পৃষ্ঠা 5 কলাম 3

035

(৩৯)

# খলাগাঁও-করিমপুর উচ্চ বিদ্যালয় ।। ছাত্র ছাত্রীদের লেখাপড়া অনিশ্চিত

মৌলভীবাজার, ১৩ই নভেম্বর (নিজস্ব সংবাদদাতা)।—রাজনগর উপজেলার খলাগাও করিমপুর উচ্চবিদ্যালয়টি বর্তমানে প্রশাসনিক দুর্বলতা ও দুর্নীতির কারণে ধ্বংস হওয়ার পথে এসে দাঁড়িয়েছে।

খলাগাও-করিমপুর উচ্চ বিদ্যালয়টি স্থাপিত হয়েছিল ১৯৩৬ সালে। অর্ধশতাব্দী ধরে এ বিদ্যালয়টি এতদঞ্চলের একটি আদর্শ বিদ্যাপীঠ হিসেবে সুনাম কুড়িয়েছিল। কিন্তু '৮৬ সাল থেকে এখানে দেখা দেয় অবস্থার অবনতি। গত বছরের পরীক্ষায় ৭০জন ছাত্রছাত্রীর মধ্যে মাত্র ১৮জন প্রবেশিকা পরীক্ষায় কৃতকার্য হওয়ায় অভিভাবক মহলে দারুণ ক্ষোভ ও উৎকণ্ঠার সৃষ্টি হয়। বিদ্যালয়ের বর্তমান প্রধান শিক্ষকের নিয়মিত অনুপস্থিতি, শিক্ষক নিয়োগে অনীহা ও পরীক্ষার পূর্বে ভুয়া ছাত্রকে পরীক্ষার সুযোগ করে দেয়ার জন্যই এ অবস্থার সৃষ্টি হয়েছে বলে অভিভাবকগণ অভিযোগ করেন। অভিযোগে তারা আরও জানান: বর্তমান প্রধান শিক্ষক এই বিদ্যালয়ের তহবিল নিয়ে এবং বিদ্যালয় পরিচালনা পরিষদ গঠন নিয়েও নানারূপ কারচুপি ও চক্রান্ত করছেন। ফলে প্রায় ৫শ' ছাত্র ছাত্রীর ভবিষ্যত অনিশ্চিত হতে চলেছে।

উল্লেখ্য, খলাগাও-করিমপুর উচচ বিদ্যালয়ে ৫শ' ছাত্রছাত্রীর জন্য শিক্ষক রয়েছেন মাত্র ১০ জন।